



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৫.২০২০- ৩৩২

তারিখঃ ১২.১০.২০২০ খ্রি.

বিষয়ঃ ডা. মোঃ আব্দুর রব (১০৯৬৩৩), সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রামের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নম্বরঃ ... ১৬.৪/২০২০

### অভিযোগনামা

যেহেতু আপনি ডা. মোঃ আব্দুর রব (১০৯৬৩৩), সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম ২০১৪-১৫ অর্থবছরে চট্টগ্রাম ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে এমএসআর (ভারী যন্ত্রপাতি) সামগ্রী ক্রয় কার্যক্রমে বাজারদর যাচাই কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালনকালে প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নিয়ে মেসার্স ওয়ার্সি সার্জিক্যাল, জেনেটিক ট্রেডিং ও রিলায়েন্স সলিউশন লিমিটেডের ভুয়া প্যাডে ভুয়া স্বাক্ষরের মাধ্যমে জাল বাজারদর সৃজন করেছেন;

যেহেতু আপনি উক্ত ক্রয় কার্যক্রমে জাল বাজারদর সৃজন করে হাসপাতালে অধিক মূল্যে এমএসআর সরঞ্জাম ক্রয়/সরবরাহের মাধ্যমে-

১. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ৩০.০৪.২০১৫ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/১০৭৪৪ মূলে ১,৬৮,৯৫,৪২৫/- (এক কোটি আটষট্টি লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচিশ) টাকা,

২. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১৯.০৩.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব ২০১৪-১৫/৬৯১৫ মূলে ১,৩০,৪০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং

৩. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১২.১০.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/৩০২৭৭ মূলে ৬,১৫,৯৫,০০০/- (ছয় কোটি পনের লক্ষ পঁচানব্বই হাজার) টাকা;

অর্থাৎ তিনটি কার্যাদেশে মোট ৯,১৫,৩০,৪২৫/- (নয় কোটি পনের লক্ষ ত্রিশ হাজার চারশত পঁচিশ) টাকা আত্মসাৎ/আত্মসাতে সহযোগিতা করেছেন;

যেহেতু দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;


যেহেতু উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে দুদকের চট্টগ্রাম-১ সমন্বিত জেলা কার্যালয়ে মামলা নং ৪৬, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

  
১২.১০.২০২০  
(মো. আবদুল মান্নান)  
সচিব

ডা. মোঃ আব্দুর রব (১০৯৬৩৩)

সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন)

২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম


(স্থায়ী ঠিকানাঃ ডাঃ মোঃ আব্দুর রব, ফ্ল্যাট- সি ৬, হাউজ নং-৬, রোড নং-৫, নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রাম)

নং- ৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৫.২০২০-১৩২/১ (১৩)

তারিখঃ ১২.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধসহ)
- ৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৮। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম
- ৯। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১৩। অফিস কপি

  
১২.১০.২০২০  
(মো: শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[disc@hsd.gov.bd](mailto:disc@hsd.gov.bd)

## অভিযোগ বিবরণী

আপনি ডা. মোঃ আব্দুর রব (১০৯৬৩৩), সিনিয়র কনসাল্টেন্ট (মেডিসিন), ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম ২০১৪-১৫ অর্থবছরে চট্টগ্রাম ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে এমএসআর (ভারী যন্ত্রপাতি) সামগ্রী ক্রয় কার্যক্রমে বাজারদর যাচাই কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালনকালে প্রতারণা ও জালিয়াতির আশ্রয় নিয়ে মেসার্স ওয়ার্সি সার্জিক্যাল, জেনেটিক ট্রেডিং ও রিলায়েন্স সলিউশন লিমিটেডের ভূয়া প্যাডে ভূয়া স্বাক্ষরের মাধ্যমে জাল বাজারদর সৃজন করেছেন;

আপনি উক্ত ক্রয় কার্যক্রমে জাল বাজারদর সৃজন করে হাসপাতালে অধিক মূল্যে এমএসআর সরঞ্জাম ক্রয়/সরবরাহের মাধ্যমে-


১. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ৩০.০৪.২০১৫ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/১০৭৪৪ মূলে ১,৬৮,৯৫,৪২৫/- (এক কোটি আটষট্টি লক্ষ পঁচানব্বই হাজার চারশত পঁচিশ) টাকা,
২. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১৯.০৩.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব ২০১৪-১৫/৬৯১৫ মূলে ১,৩০,৪০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং
৩. সিভিল সার্জন অফিস, চট্টগ্রামের ১২.১০.২০১৪ খ্রি. তারিখের কার্যাদেশ নং সিএসসি/হিসাব/২০১৪-১৫/৩০২৭৭ মূলে ৬,১৫,৯৫,০০০/- (ছয় কোটি পনের লক্ষ পঁচানব্বই হাজার) টাকা;

অর্থাৎ তিনটি কার্যাদেশে মোট ৯,১৫,৩০,৪২৫/- (নয় কোটি পনের লক্ষ ত্রিশ হাজার চারশত পঁচিশ) টাকা আত্মসাৎ/আত্মসাতে সহযোগিতা করেছেন;

দুর্নীতি দমন কমিশনের (দুদক) অনুসন্ধানে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে;

উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে দুদকের চট্টগ্রাম-১ সমন্বিত জেলা কার্যালয়ে মামলা নং ৪৬, তারিখ: ২৫.১১.২০১৯ খ্রি. দায়ের করা হয়েছে;

আপনার উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
১২. ১০. ২০২০

(মো. আবদুল মান্নান)  
সচিব